# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 06.05.2024 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা নির্বাচনের তৃতীয় দফায় রাজ্যের চারটি সহ দেশের মোট ৯৩-টি আসনে আগামীকাল ভোটগ্রহণের জন্য প্রস্তুতি চূড়ান্ত পর্যায়ে। মুর্শিদাবাদ ও মালদার চার আসনে ৪০৬ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকছে।

২) ষষ্ঠ দফার নির্বাচনে মনোনয়ন দাখিলের শেষদিন আজ। জমে উঠেছে নির্বাচনী প্রচার।

৩) সন্দেশখালির ভাইরাল ভিডিও নিয়ে চলছে রাজনৈতিক তর্জা।

৪) আজ প্রকাশিত হচ্ছে আই সি এস সি এবং আই এস সি পরীক্ষার রেজাল্ট।

৫) সুপ্রিম কোর্টে আজ ফের এস এস সি চাকরি বাতিল মামলার শুনানি।

৬) দক্ষিণবঙ্গে আগামী বৃহস্পতিবার পর্যন্ত এবং উত্তরবঙ্গে শনিবার পর্যন্ত ঝড় - বৃষ্টির পূর্বাভাষ আবহাওয়া দফতরের।

oooooooooooooooooooo

লোকসভা নির্বাচনের তৃতীয় দফায় আগামীকাল দেশের ৯৩টি আসনে ভোটগ্রহন। এরাজ্যের মালদা উত্তর ও দক্ষিণ, জঙ্গিপুর এবং মুর্শিদাবাদ আসনে ভোট নেওয়া হবে। একই সঙ্গে মুর্শিদাবাদের ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনেও আগামীকাল ভোট নেওয়া হবে। গতকালই প্রচারপর্ব শেষ হয়েছে। ভোট নেওয়ার জন্য সব প্রস্তুতি চূড়ান্ত পর্যায়ে। আজ সকাল থেকেই জেলার বিভিন্ন ডিসি/আরসি সেন্টারে পৌঁছতে শুরু করেছেন ভোটকর্মীরা। সেখান থেকে ভোটের সামগ্রী নিয়ে বিভিন্ন ভোটগ্রহন কেন্দ্রে আজই তারা পৌঁছে যাবেন। এই পর্বে বুথ রয়েছে ৭ হাজার ৩৬০। তার মধ্যে মহিলা পরিচালিত বুথের সংখ্যা ২২৭। চার আসনে প্রার্থী রয়েছেন ৫৭ জন। ভোটদাতার সংখ্যা ৭৩ লক্ষ ৩৭ হাজারের বেশি।

ভোটগ্রহণ অবাধ ও শান্তিপূর্ণ করতে ৪০৬ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর জানিয়েছে। দুই জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে গতকাল মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব বৈঠক করেন। ইতমধ্যেই বিশেষ সাধারণ ও পুলিশ পর্যবেক্ষক মুর্শিদাবাদ পৌঁছেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পঞ্চম দফার নির্বাচনের জন্য মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন আজ। এই দফায় রাজ্যের সাত আসন বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেড়িয়া, শ্রীরামপুর, হুগলী, আরামবাগে আগামী বিশে মে। ওই পর্বে রাজ্যের সাতটি আসনের জন্য মোট ৯৫ টি বৈধ মনোনয়ন জমা পড়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

এদিকে ষষ্ঠ দফার নির্বাচনে মনোনয়ন দাখিলের আজই শেষ দিন। আগামীকাল সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৯ই মে। ষষ্ঠ দফায় রাজ্যের ৮টি সহ মোট ৫৭টি আসনে ভোটগ্রহন আগামী ২৫শে মে।

এরাজ্যের ৮-টি আসন হলো পুরুলিয়া, বাঁকুড়া, বিষ্ণুপুর, মেদিনীপুর, ঝাড়গ্রাম, কাথি, তমলুক ও ঘাটাল।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বাকি দফাগুলির জন্য জমে উঠেছে নির্বাচনী প্রচার। রাজনৈতিক দলগুলির তারকা প্রচারক এবং শীর্ষ নেতারা ভোটারদের মন জয়ের সবরকম চেষ্টা চালাচ্ছেন।

প্রবীণ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে আজ নির্বাচনী জনসভা করবেন। এজন্য গতরাতেই দুর্গাপুরে পৌঁছেছেন তিনি। সিটি সেন্টারে একটি বেসরকারী হোটেলে রাত্রিবাস করার পর আজ শহরের তিলক ময়দানে বর্ধমান – দুর্গাপুর আসনে দলীয় প্রার্থীর সমর্থনে তিনি জনসভা করবেন। নদীয়ার কৃষ্ণনগরেও তাঁর সভা করার কথা।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দুর্গাপুরেই জনসভা করবেন। কল্পতরু ময়দানে এই সভা হবে। দুই হেভিওয়েটের প্রচারকে কেন্দ্র করে দুর্গাপুর শহরজুড়ে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

গতকাল বীরভূমের লাভপুরের জনসভায় তৃণমূল নেত্রী বলেন, সন্দেশখালিতে ধর্ষণের সাজানো অভিযোগের কথা এখন সবাই জানতে পেরেছেন। বাংলার মায়েদের অসম্মান করেছে বিজেপি।

অন্যদিকে, মুর্শিদাবাদের জলঙ্গিতে নির্বাচনী প্রচারে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দাবি করেন, সন্দেশখালির তথাকথিত ভিডিওর দুর্বল চিত্রনাট্য তৃণমূল কংগ্রেসের তৈরি করা। এব্যাপারে সিবিআই তদন্ত চেয়ে প্রয়োজনে আদালতে যাবে বিজেপি।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী আজ সন্ধ্যায় বহরমপুরের খাগড়ায় জনসভায় বক্তব্য রাখবেন। পাশাপাশি মধুপুর বাজার, কাঁঠালিয়া, শক্তিপুর এলাকাতেও তিনি প্রচারে অংশ নেবেন।

বাম নেতারাও দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা, রোড শো ও বাড়ি বাড়ি জনসংযোগ করছেন।

গতকাল মুর্শিদাবাদের হরিহরপাড়া থেকে প্রচার শেষে ফেরার সময় সি পি আই এম-এর রাজ্য সম্পাদক তথা মুর্শিদাবাদ আসনে বাম প্রার্থী মহম্মদ সেলিম দুর্ঘটনায় আহত ২ ব্যক্তিকে নিজের গাড়িতে তুলে হাসপাতালে পৌঁছে দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সন্দেশখালির ভাইরাল ভিডিও নিয়ে রাজনৈতিক তরজা চলছে।

বিষয়টি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগে থেকেই জানতেন কিনা, দিল্লিতে সাংবাদিক বৈঠক করে সেই প্রশ্ন তুলেছে তৃণমূল কংগ্রেস। রাজ্যের মন্ত্রী শশী পাঁজা এবং দলের রাজ্যসভার দুই সাংসদ সাগরিকা ঘোষ ও সাকেত গোখেল গতকাল অভিযোগ করেন, এই ষড়যন্ত্রে বিজেপি-র জাতীয় নেতারাও জড়িত। সাগরিকা বলেন, প্রধানমন্ত্রী নিজে সন্দেশখালির গ্রামবাসীদের সঙ্গে কথা বলেছিলেন। সবকিছু জেনেই প্রধানমন্ত্রী মিথ্যাচার করেছিলেন কিনা, সেই প্রশ্ন তোলেন তিনি।

শশী পাঁজা বিজেপি নেতাদের ক্ষমা প্রার্থনার দাবি জানান।

(বাইট – শশী)

সন্দেশখালির ঘটনায় সারা দেশের সামনে রাজ্যের মাথা হেঁট হয়েছে বলে বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রমাণিক মন্তব্য করেছেন।

( বাইট – নিশীথ)

সন্দেশখালির ভিডিও এ আই-এর সাহায্যে বানানো বলে দাবি করে বিজেপি-র মন্ডল সভাপতি গঙ্গাধর কয়াল সিবিআই-এর দ্বারস্থ হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের তমলুকে বিজেপি কর্মীদের সঙ্গে তৃণমূল পন্থী শিক্ষক ও চাকরিহারাদের গোলমালের জেরে অভিজিৎ গাঙ্গুলী সহ ৫০ জনের বিরুদ্ধে থানায় জামিন অযোগ্য ধারায় মামলা রুজু হয়েছে। হামলা, ভাঙচুর, খুনের চেষ্টার ধারা দেওয়া হয়েছে। অভিযোগ রয়েছে অস্ত্র নিয়ে হামলা করারও।

উল্লেখ্য, গত শনিবার তমলুকের বিজেপি প্রার্থী অভিজিৎ গাঙ্গুলী মনোনয়ন দিতে যাওয়ার আগে বিজেপি একটি মিছিল করে। সেই মিছিল তমলুক হাসপাতাল মোড়ে চাকরি হারা শিক্ষকদের অনশন মঞ্চের কাছে পৌঁছলে শুরু হয় গন্ডগোল। শ্লোগান পাল্টা শ্লোগান, ধাক্কাধাক্কিতে উত্তপ্ত হয় পরিস্থিতি। একাধিক চাকরি হারা শিক্ষক আহত হন বলে অভিযোগ।

oooooooooooooooooooo

আই সি এস সি এবং আই এস সি পরীক্ষার রেজাল্ট আজ প্রকাশিত হবে। সকাল ১১-টায় সাংবাদিক সম্মেলন করে দিল্লি থেকে বোর্ড কর্তারা ফলাফল ঘোষণা করবেন। www.cisce.org এবং results.cisce.org-তে পড়ুয়ারা নিজেদের রেজাল্ট দেখবে পাবে। একই সঙ্গে ডাউনলোড করা যাবে রেজাল্ট। ১০-ই মে পর্যন্ত রিভিউ-এর আবেদনের সুযোগ থাকছে।

oooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনে প্রায় ২৬ হাজার চাকুরী বাতিলের মামলার আজ ফের সুপ্রিম কোর্টে শুনানি। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জেবি পারদিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে এই শুনানি হবে।

এদিকে, বিজেপি, হাইকোর্টের নির্দেশে চাকরিহারা যোগ্য প্রার্থীদের জন্য একটি বিশেষ পোর্টাল চালু করছে। দলের রাজ্য মুখপাত্র তথা ও রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য জানিয়েছেন, ৮ই মে বুধবার এই বিশেষ পোর্টাল চালু করা হবে। যাদের চাকরি চলে গেছে তারা এই পোর্টালে নিজেদের নাম নথিভুক্ত করতে পারবে। দলের পক্ষ থেকে হাইকোর্ট ও সুপ্রিম কোর্ট পর্যন্ত

চাকরি হারাদের সব ধরনের আইনি সহযোগিতা এবং তার খরচ বহন করা হবে।

এদিকে প্রধানমন্ত্রীর নির্দেশে বিজেপির যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খান গতকাল যোগ্য চাকরি হারাদের সঙ্গে দেখা করেন।

উল্লেখ্য, গত ২২-শে এপ্রিল কলকাতা হাইকোর্ট দুর্নীতি মামলায় ২৫ হাজার ৭৫৩ জন শিক্ষক ও অশিক্ষক কর্মীর চাকরি বাতিল হয়েছে।
আজকের শুনানীতে এস এস সি যোগ্য ও অযোগ্যদের কোন তালিকা পেশ করে কিনা সেদিকেই নজর থাকবে সবার।

oooooooooooooooooooo

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে যাওয়ায় দক্ষিণবঙ্গে ঝড়বৃষ্টির অনুকূল পরিস্থিতি তৈরি হয়েছে। আবহবিদ সৌরীশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, আজ থেকে বৃহস্পতিবার পর্যন্ত সব জেলাতেই ঝড়বৃষ্টির সম্ভাবনা।

(বাইট)

উত্তরবঙ্গের সর্বত্রই আগামী শনিবার পর্যন্ত বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে।

এদিকে, সুন্দরবন এলাকায় জারি হয়েছে টর্নেডো সতর্কতা। নামখানা সহ পার্শ্ববর্তী একাধিক থানা এলাকায় মাইকে সতর্কতা বার্তা প্রচার করা হচ্ছে। স্থানীয় নদী, খাঁড়িতে মৎস্যজীবীদের মাছ ধরতে যেতেও নিষেধ করা হয়েছে।

oooooooooooooooooooo

কলকাতার রাজাবাজারে দুষ্কৃতি হামলায় তিন যুবক আহত হয়েছেন। বাইকে করে এসে জনা চারেক দুষ্কৃতি ওই ব্যক্তিদের ওপর হামলা চালায় বলে

অভিযোগ। অভিযুক্তদের গ্রেফতারের দাবিতে স্থানীয়রা এলাকায় বিক্ষোভ দেখিয়েছে।

oooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার স্বরূপনগরে বিথারী সীমান্তে মাদক পাচারের অভিযোগে, দিল্লি পুলিশ, বিএসএফের এক আধিকারিককে গ্রেফতার করেছে। স্বরূপনগর থানার সহায়তায় হরিশচন্দ্র শুক্লা নামে ওই এএসআইকে গতরাতে ধরা হয়।

দিল্লি থেকে কয়েকদিন আগে তার ছেলে এবং শ্যালককে গ্রেফতার করে পুলিশ। উদ্ধার হয় পঞ্চাশ কেজি মাদক। তাদের জেরা করে পুলিশ হরিশ্চন্দ্র শুক্লার খোঁজ পায়।

বসিরহাট আদালত গতকাল ৩৬ ঘণ্টার তার ট্রানজিট রিমান্ড মঞ্জুর করে।

oooooooooooooooooooo

শিলিগুড়ির মাটিগাড়া থেকে গাঁজা সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃত বছর ২৭-এর সুজন দেবনাথ কোচবিহারের দিনহাটার বাসিন্দা। নির্দিষ্ট খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে ফাঁসিদেওয়া ফ্লাইওভারের নিচে একটি গাড়ি আটক করে উদ্ধার হয় প্রায় দেড় কুইন্টাল গাঁজা। কোচবিহার থেকে তা বিহারে পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল বলে খবর।

oooooooooooooooooooo

রোগী মৃত্যুকে কেন্দ্র করে গতকাল পশ্চিম মেদিনীপুরের ক্ষিরপাই গ্রামীণ হাসপাতালে ব্যাপক উত্তেজনা ছড়ায়। জানা গেছে, শ্বাসকষ্টজনিত সমস্যা নিয়ে বছর ৬৫-র প্রিয়ারণ বিবিকে ওই হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সকালে তার মৃত্যু হয়। এরপরই পরিবারের সদস্যরা চিকিৎসায় গাফিলতির অভিযোগ তুলে

হাসপাতালের মূল গেটে বিক্ষোভ দেখাতে থাকে। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

oooooooooooooooooooooo

লখনউ সুপারজায়ান্টসকে ৯৮ রানে হারিয়ে কলকাতা নাইট রাইডার্স আইপিএলের লিগ তালিকায় শীর্ষে উঠে এসেছে। গতকাল লখনউয়ের একানা ক্রিকেট স্টেডিয়ামে নাইট রাইডার্স, নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেটে ২৩৫ রান তোলে। জবাবে লখনউ ১৬ ওভার ১ বলে ১৩৭ রানে সবকটি উইকেট হারায়। ১১ ম্যাচে ১৬ পয়েন্ট সংগ্রহ করে লিগতালিকার শীর্ষে উঠে এলো কেকেআর।

oooooooooooooooooooooo